

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন (সংস্থাপন) অধিশাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা
www.moind.gov.bd

নং: ৩৬.০০.০০০০.০৪৬.১৬.০০৩.১৪. ৩৪৭


তারিখঃ ১৪-০৬-২০১৭

বিষয়ঃ শিল্প মন্ত্রণালয় থেকে প্রকাশিত শিল্প বার্তার ১২ সংখ্যার জন্য লেখা আহবান।

শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার উন্নয়নমূলক তথ্য, বৈদেশিক প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনারের তথ্য, শিল্প সংক্রান্ত সৃজনশীল লেখা ইত্যাদি নিয়ে শিল্প মন্ত্রণালয় হতে নিয়মিত ভাবে শিল্প বার্তা প্রকাশিত হচ্ছে। শিল্প বার্তার ১১তম সংখ্যা ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। শিল্প বার্তার ১২তম সংখ্যা প্রকাশের জন্য তথ্য, লেখা/প্রতিবেদন চেয়ে গত ২০/০৪/২০১৭ তারিখে ৩৬.০০.০০০০.০৪৬.১৬.০০৩.১৪.২৩৭ নং স্মারকে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাকে পত্র দেয়া হয়েছে। শিল্পবার্তা ১২তম সংখ্যা প্রকাশের জন্য নিম্নলিখিত বিষয়ে লেখা/তথ্য/প্রতিবেদন প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে :

- ১। শিল্প মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর/সংস্থার উন্নয়নমূলক তথ্য (ছবিসহ, জুলাই/১৬-এপ্রিল/১৭ পর্যন্ত সময়ের);
- ২। এ সংক্রান্ত বৈদেশিক ওয়ার্কশপ ও সেমিনারের তথ্য (ছবিসহ যদি থাকে);
- ৩। শিল্প সংক্রান্ত সৃজনশীল কর্ম;
- ৪। শিল্প বিষয়ক আর্টিক্যাল ও ইনোভেটিভ আইডিয়া সংক্রান্ত;
- ৫। বাংলাদেশের সাথে বিভিন্ন দেশের বিভিন্ন চুক্তি সম্পাদন সংক্রান্ত।

২। এমতাবস্থায়, শিল্পবার্তার ১২তম সংখ্যা প্রকাশের নিমিত্ত বর্ণিত বিষয়ে লেখা ই-মেইল (shilpabarta.moind@gmail.com) এবং হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ১৬/০৭/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।



(মোহাম্মদ জাকের হোছাইন)

উপসচিব

ফোনঃ ৯৫৫৮৫৪৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, বিসিআইসি/ বিএসএফআইসি/বিএসইসি/ বিসিক, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বিআইএম/বিএবি, ঢাকা।
- ৪। রেজিষ্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়।
- ৬। জনাব মোহাম্মদ ইশতিয়াক জাহান, সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়।